



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

১২৬৪৭৭
তাগিদ পত্র

নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-১৭৭(২)/ ৩৩২


তারিখ: ৩১ শ্রাবণ, ১৪২৯
১৪ আগস্ট, ২০২২

বিষয়: অবহিতকরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার সদর উপজেলাধীন গোয়ালী আলিম মাদ্রাসার এবতেদায়ী প্রধান জনাব মো: আবুল কালাম আজাদ এর চাকুরি থেকে অপসারণ সংক্রান্ত বিষয়ে বিগত ১৯/১০/২০১১খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হলে তাকে চাকুরি থেকে অপসারণ অনুমোদন না করে বিধি মোতাবেক চাকুরিতে পুনর্বহালের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত রায়ের আলোকে তিনি ১৫০/-টাকার স্ট্যাম্পে মাদ্রাসার স্বার্থ বিরোধ কোন কর্মকান্ডে অংশগ্রহণ করতে পারবেন না মর্মে অশীকারনামা জমা প্রদান করেন। পরবর্তীতে তিনি মাদ্রাসায় যোগদান করতে গলে তাকে শিক্ষক হাজিরা খাতায় স্বাক্ষর ও বেতন ভাতা উত্তোলনে বাধা প্রধান করছেন এবং যোগদান করতে না দিয়ে কালক্ষেপণ করেছেন মর্মে তিনি আবেদনে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায়, আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কেন তাকে পুনর্বহাল না করে কালক্ষেপণ করা হয়েছে তার সঠিক ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৯.০৮-২০২২
মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি, গোয়ালী আলিম মাদ্রাসা
পো: শিকারপুর, উপজেলা: সদর, জেলা: নওগাঁ;


২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, গোয়ালী আলিম মাদ্রাসা
পো: শিকারপুর, উপজেলা: সদর, জেলা: নওগাঁ।

নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-১৭৭(২)/ ৩৩২

তারিখ: ৩১ শ্রাবণ, ১৪২৯
১৪ আগস্ট, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নওগাঁ;
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, নওগাঁ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নওগাঁ;
৫. জনাব মো: আবুল কালাম আজাদ (এবতেদায়ী প্রধান শিক্ষক), গোয়ালী আলিম মাদ্রাসা.
গ্রাম: দাঁড়াবাতা, পো: নন্দনালী, উপজেলা: আত্রাই, জেলা: নওগাঁ;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd